২ চমকিত—পদ; চমকি-র, ন, বি ১, ২, সা ১, ২, ৩।

৩ চাহই—পদ; চাহই দিগ—র, ন, বি ১, ২, সা ১, ২, ৩।

৪ তেজি—সা ৩। ৫ চল—সা ৩।

৬ নিজকুঞ্জে—সা ৩।

৭ শেজে—র, ন, বি, ১, ২, সা ১, ২।

৮ শুতি—র. ন, বি ১, ২, সা ৩; দুহুঁ—সা ১, ২।

৯ রহুঁ রস—র. ন. বি ২, সা ৩; রসরস—বি ১; শুতি—সা ১, ২।

১০ রহুপুঞ্জে—সা ১, ২।

১১ বাসে—ন স, বি ১, ২, সা ১, ২, ৩।

১২ পরিহাসে—ন, স, বি ১, ২, সা ১,২, ৩।

১৩ দশদিগ—বি ২। ১৪। ভেলি—র, ন।

* সহচরি ভয় করি সভে চলি গেল।
গুরুজন[1] এতখন[2] বাহির ভেল॥
হাম সব আছিয়ে[3] তুয়া মুখ চাই।
রহই না পারিয়ে[4] অব ঘরে[5] যাই॥
জাগল দুহুঁ জন রহলি বিভোর[6]।
নয়ন[7] না মেলই[8] তনু তনু জোর[9]॥
সখিগণে[10] তৈখনে[11] করু[12] অনুমান।
কপট কোটি কত[13] করত বিয়ান॥

---

* নবম পংক্তিটির পাঠ বিভিন্নরূপে বিভিন্ন পুথিতে রহিয়াছে, এইস্থলে অর্থসঙ্গতি বিচার করিয়া 'সা ৩' পুথির পাঠ গ্রহণ করা হইল।

"কুমুদিনি তেজি অলি কমলহিঁ গেল।"—পদ।

"সহচরী ভয় করি সভে করে গেল"—র, ন, বি ১, ২।

১ গুরুজনে—সা ৩।

২ অতিখণ—পদ; এতিখণ—র, ন; এতিখণে—সা ৩; তখনই—বি ১, ২; এতখণ—স।

৩ আছপুঁ—র, সা ৩; আছলুঁ—ন, বি ২; অব—বি ১।

৪ পারই—বি ১।

৫ ঘর—ন, র, সা ৩, বি ১; সব—বি ২।

৬ ১৩ পংক্তির পাঠ বিভিন্নরূপ রহিয়াছে, এই লে 'র ন' পুথির পাঠ গ্রহণ করা হইয়াছে।

'শুনইতে জাগি রহল দুহুঁ ভোর'—পদ।

'জাগি অনুরাগিণী রহলি জনু ভোরী'—সা ৩।

জাগিয়লু রাগিনি রহু জনু ভোর'—বি ১।

'জাগি অনুরাগিনি রহলহুঁ জনু ভোর'—বি ২।

৭ নয়ান—সা ১, ২।

৮ মিলই—ঘ, চ।

৯ জোরি—সা ১, ২, ৩।

১০ সখীগণ—র, ন, বি ২, সা ৩।

১১ তৈখন—র, ন, সা ৩।

১২ করি—সা ৩।

১৩ শত—র, ন, বি ১, ২, সা ১।

তুহুঁ মেলি[১] উঠলি[২] অতি ভয় পাই ;
হাসি হাসি শেখর দ্বার খসাই ॥

---

## উনত্রিংশ দণ্ডে মদন শয্যোত্থান

[ ২০০ ]

তথা রাগ

রজনি[৩] শেষ[৪] পর[৫] নাগরি[৬] নাগর[৭]
বৈঠল[৮] শেজকি[৯] মাহি[১০] ।
হেরি সখি সত্বর[১১] মন্দির ভীতর[১২]
হাহি হাসি[১৩] পৈঠলি[১৪] তাহিঁ[১৫] ॥

---

১ জন—পদ ; মেলি—র, ন, বি ১, ২, সা ৩।

২ জাগল—পদ ; বৈঠত—বি ১ ; বৈঠলি—বি ২ ; উঠলি—র, ন, সা ৩।

[ ২০০ ] পদ পদ ২৭৫১, পৃ ১৩৯, ৪র্থ খণ্ড ; ন পদ ১২০, পৃ ১২৭ ; বিত্তা পদ ২৬৩, পৃ ১৬০ ; বি ৩, পদ ২২৮২. পৃ ২৩৪ ; র পদ ১২০, পৃ ১৪৯ ; স পদ ১৬০, পৃ ৫৬৭ ; বি ১, পৃ ৩১ ; বি ২, পৃ ৩০ ; সা ১, পৃ ৩৭ ; সা ৩, পৃ ৫২।

৩ রজনিক—সা ১, ২। ৪ শেষে—সা ১, ২।

৫ বর—পদ, সা ১, ২ ; পর—র, ন, বি ১, ২, সা ৩।

৬ নাগর—সা ১, ২। ৭ নাগরী—সা ১, ২।

৮ বইসল—বিত্তা ; উঠি—র, ন, বি ১, ২, সা ৩।

৯ সেজক—বিত্তা ; বৈঠলি শেজ—র ; বৈঠলি সেজ—সা ৩।

১০ মাহী—বিত্তা ; মাই—ন, বি ২ ; সেজাই—সা ৩।

১১ তোরিত—বিত্তা। ১২ ভিতর—সা ৩, ক।

১৩ হসি হসি—বিত্তা।

১৪ পৈঠল—পদ ; বইসল—বিত্তা ; বৈঠলি—র, স, সা ৩ ; পৈঠলি—ন, বি ১, ২।

১৫ তাই—ন, সা ৩।

সহচরি মেলি[১] কেলি কলপতরু
করতহি[২] রস পরকাশে।
রজনিক রঙ্গ কহিতে[৩] নব[৪] নাগরি
পিয়ামুখ ঝাঁপলি[৫] বাসে॥
দুহুঁ মুখ নিরখি হরখি সব সহচরি[৬]
পুলকিনি[৭] রহলি[৮] বিভোরি[৯]।
পীত বসন লেই[১০] নিজ তনু ঝাঁপই[১১]
লাজে লাজায়লি গোরি[১২]॥
তব[১৩] হরি নাগরি[১৪] কোরে আগোরলি[১৫]
ডুবল[১৬] সুখসিন্ধু মাঝ[১৭]।
ললিতা ললিত কহি দুহুঁ বেশ খণ্ডিত[১৮]
সাজাওত[১৯] অনুপম সাজ[২০]॥

---

১ কেলি—র।
২ করকত—বিদ্যা, স; করতহি—র, ন, সা ৩; কঙ্কত—পদ; করতহি—বি ১, ২।
৩ কহইতে—বিদ্যা; কহি—বি ২। ৪ বর—সা ১, ২।
৫ ঝাঁপল—পদ; ঝাঁপলি—র, ন, বি ২।
৬ সুন্দরী—র, ন, বি ২; সুকুমারি—সা ৩।
৭ পুলকেপুরি—র। ৮ রহল—স; রহ—র, বি ১।
৯ নিহারি—বিদ্যা, নেহারি—স, ন; ভোরি—র, বি ২, নিভোরি—সা ৩।
১০ লই—স, বিদ্যা।
১১ ঝাঁপল—পদ, ঝাঁপই—র, ন, বি ২, সা ৩; ঝাঁপলি—সা ১, ২।
১২ গোরী—সা ৩। ১৩ তবে—সা ৩।
১৪ গোরী—র, ন, বি ১, ২।
১৫ আগোরল—বিদ্যা; আগোরিলি—বি ২।
১৬ ডুবলি—র, ন, বি ২; বোরলি—সা ৩।
১৭ মাঝে—সা ১, ২।
১৮ ১৫ পংক্তি স্থলে—'ললিতা লেই ললিত করে দুহুঁ তনু'—বি ২, সা ৩।
১৯ সাজত—সা ৩। ২০ সাজে—সা ১, ২।

তুহুঁ রূপে[1] মগন ভেল সব সখিগণ[2]
দিন রজনী নাহি[3] জান।
অরুণ উদয় ভেল শুটিলা শবদ পাইল
কবিশেখর গুণ গান ॥ *

---

## শ্রীবৃন্দার কৌশলে শ্রীরাধাকৃষ্ণের স্বগৃহে গমন

[ ৩০ দণ্ডে কক্খটী বিতর্ক ]

[ ২০১ ]

তথা রাগ

নিশাচর[4] ঘরে[5] গেল অরুণ উদয় ভেল[6]
তারাপতি কাঁতি[7] মলিন।
কুমুদ মুদিত[8] ভেল পদুম প্রকাশল[9]
পরবশ[10] পড়ল কঠিন ॥

---

১ তুহুঁ কেরি—সা ৩ ; তুহুঁ রূপ—র, ন ; তুহুঁ রূপবুপে—র, ন, বি ১।

২ জন—র, ন. বি ২, সা ৩। ৩ নহি—বিত্তা।

* কবি শেখর ইহ ভান—বিত্তা ; করু কবিশেখর গান—র, ন, বি ২, সা ৩।

[২০১] পদ পদ ২৫০৬, পৃ ৪৫, ৪র্থ খণ্ড ; ন পদ ১২১, পৃ ১২৮ ; বি ৩, পদ ২২৮৩, পৃ ২৩৪ ; র পদ ১২১, পৃ ১৫০ ; স পদ ৬৮, পৃ ৫২৫ ; বি ১. পৃ ৩২ ; বি ২, পৃ ৩০ ; সা ১, পৃ ৩৭ ; সা ৩, পৃ ৫৩।

৪ নিশাকর—ক, স। ৫ ঘর—সা ১, ২, ৩ ; ডর—বি ১।

৬ কৈল—পদ, সা, ১, ২, ৩। ৭ কিতি—বি ১।

৮ মুদিল—খ ; মলিন—বি ১। ৯ প্রকাশ—বি ১।

১০ পরবশে—র, বি ১, ২, সা ৩।

দেখিয়া দোঁহার রীতে[১] বৃন্দা[২] বিকল চিতে[৩]
আদেশিলা[৪] কোকিল[৫] কোকিলি।
তারা সভে[৬] গান করে ভ্রমর[৭] ঝঙ্কারপূরে
কেকাকেকী[৮] করয়ে[৯] বিকলি[১০] ॥
কক্‌খটী উঠায় তান কি করহ[১১] রাধাকান[১২]
শেজতেজি[১৩] করহ পয়ান।
রাইরে[১৪] না দেখি ঘরে জটিলা লগুড় করে
বনে আসি করয়ে সন্ধান ॥
কক্‌খটী কপট কথা[১৫] শুনি বৃষভানু সুতা[১৬]
তরাসে তরল ভেল মন।
রাধা কানু সখী সাথে চলিলা গোপত[১৭] পথে
তুরিতে তেজল সেই বন ॥
খেদিল[১৮] হরিণী[১৯] যেন ঐছন রমণী[২০]গণ
চকিত নয়নে[২১] ঘন[২২] চায়।
নাগরী[২৩] নাগর[২৪] পাশে দাঁড়ায়ে[২৫] শেখর হাসে
ভয় নাই[২৬] সবারে[২৭] বুঝায় ॥

---

১ রীতি—র, ন। ২ বিরিন্দা—বি ২। ৩ চিত—র, ন।
৪ আদেশল—র, সা ৩; আদেশিল—সা ১, ২।
৫ কোকিলা—বি ১। ৬ সব—বি ১, ২, সা ৩। ৭ ভ্রমরা—বি ১।
৮ কেকা—ঘ, স। ৯ ময়ূর—স। ১০ বিকলি—সা ৩।
১১ কর—বি ১। ১২ শ্যাম—সা ৩। ১৩ তুরিতহি—পদ।
১৪ রাই—বি ১। ১৫ কলা—বি ২। ১৬ বালা—বি ২।
১৭ গুপত—সা ৩। ১৮ দেখয়ে—স, ন, সা ১, ২, ক, খ, চ; দেখিল—বি ১, ২।
১৯ হরিণি—সা ৩। ২০ তরুণি—সা ৩।
২১ নয়ন—সা ৩; নয়ানে—সা ১, ২। ২২ কোনে—সা ৩।
২৩ নাগর—সা ১, ২, ৩। ২৪ নাগরি—সা ১, ২, ৩।
২৫ দাঁড়ায়্যা—পদ; দাণ্ডায়্যা—বি ২, সা ৩; দাড়াইয়া—সা ১, ২।
২৬ নাহি—সা ৩। ২৭ সভারে—সা ৩।

## সখীতে সখীতে কথা

### প্রভাত সময়ে গৃহে গমন

[ ২০২ ]

তথা রাগ

দুহুঁ রূপ লাবণি মনমথ[1] মোহিনী[2]
নিরখি নয়ান[3] ভুলি[4] যায়। *
রজনি জনিত রতি বিশেষ আলাপনে
অলস[5] রহল দুহুঁ গায়॥
বিথারল[6] কুন্তল তাহে[7] কুসুমদল
লোলহি[8] আনহি ভাতি।
দুহুঁ[9] দোহা[10] হেরি মুখ হৃদয়ে বাঢ়ল[11] সুখ
বোলত[12] ভুলত[13] পাতি[14]॥

---

[২০২] পদ পদ ২৭৫৪, পৃ ১৪০, ৪র্থ খণ্ড ; ন পদ ১২২, পৃ ১২৯ ; বিত্তা পদ ২৬৫, পৃ ১৬১ ; বি ৩, পদ ২২৮৪, পৃ ২৩৪ ; র পদ ১২২, পৃ ১৫১ ; স পদ ১৬১, পৃ ৫৬৭ ; বি ১, পৃ ৩৩ ; বি ২, পৃ ৩০ ; সা ১, পৃ ৩৮ ; সা ৩, পৃ ৫৩।

১ লাবণি—বি ১, ২। ২ মোহিনি—পদ।
৩ নয়ন—পদ ; নয়নে—বি ১ ; নয়ান—বি ২। ৪ ভরি—ক।
* হরখি নয়ন ঘন চায়—সা ৩। ৫ আলস—ক, চ।
৬ চাঁচর—পদ ; বিথরল—বি ১, ২, সা ৩।
৭ তাতে—পদ ; তাহে—সা ৩, বি ১, ২।
৮ লোলত—পদ ; লোলনি—সা ৩ ; লোলহি—বি ১, ২।
৯ দোহে—সা ৩। ১০ দোহা—সা ৩।
১১ বাঢ়য়ে—পদ ; বাঢ়ল—র, ন, বি ১, ২, সা ৩।
১২ বোলল—বি ১।
১৩ আন আন—বি ১ ; ভূতল—স, ক, চ।
১৪ ভাতি—বি ১।

নিজ নিজ মন্দির[১] নাগরি নাগর
চলইতে করু অনুবন্ধ।
বিরহ[২]-বিষানলে দুহুঁ তনু জারল
লোচনে লাগল ধন্ধ[৩]॥
* ভীতক চীত পুতলি সম[৪] দুহুঁ জন[৫]
রহলি[৬] বিদায়ক[৭] বেলা।
প্রেম পয়োনিধি উছলি উছলি[৮] বহু[৯]
চেতনে[১০] অচেতন ভেলা॥
দুহুঁজন[১১] চীত[১২] রীত[১৩] হেরি সহচরি
ঘন ঘন গগনহি[১৪] চায়।
রজনি পোহায়ল জন সব[১৫] জাগল
সে ডরহি[১৬] অধিক ডরায়॥

---

১ মন্দিরে—সা ৩।

২ বিছেদ—পদ ; বিচ্ছেদে—ক, চ, বি ২, সা ১, ২ ; বিষাদে—বি ১ ; বিরহ—বিত্মা।

৩ ধন্দ—পদ ; ধন্ধ—সা ৩।

* ১৩ হইতে ১৬ পংক্তি পর্য্যন্ত 'ক ১' পুথিতে নাই।

৪ সন—বিত্মা ; প্রায়—স, ক। ৫ তনু—র, ন, বি ২, সা ৩।

৬ রহল—বিত্মা ; রহলি বিহনি—ন।

৭ বিদায়কি—সা ৩। ৮ পড়ু—স।

৯ বহু—সা ৩ ; পড়ু—পদ ; জনু—স।

১০ চেতন—বিত্মা, স, ন, ক, চ, বি ২, সা ৩ ; চেত—র।

১১ দুহুঁকর—র, ন, বি ২ ; দুহুঁক—সা ৩।

১২ চিতক—বি ১। ১৩ বিত—বি ১।

১৪ গগনহু—সা ৩।

১৫ সবজন—স, বি ; নগরহু—র, ন, বি ১, ২, সা ৩।

১৬ ডরে—র, ন, বি ১, সা ৩।

শেখর বুঝিয়া[1] তব করি কত অনুভব
তুহুঁ সঙ্গ[2] ভঙ্গ করায়[3]।
নিজ নিজ মন্দিরে সভে[4] যাই[5] শুতলি[6]
গুরুজন ভেদ না[7] পায়[8] ॥

---

## সখীর উক্তি

### উভয়ের বিচ্ছেদ

[ ২০৩ ]

তথা রাগ

বিচ্ছেদে[9] বিকল ভেল তুহুঁক[10] পরাণ।
দরদর[11] অন্তর ঝরয়ে[12] নয়ান ॥

---

১ বুঝি—পদ ; বুঝিয়া—র, ন।

২ অঙ্গ—ঘ। ৩ করাব—বিদ্যা।

৪ গমন—পদ ; তুহুঁজন—বি ২ ; সভে—র, ন, বি ১, সা ৩।

৫ করল—পদ ; যাই—র, ন, বি ১, সা ৩।

৬ তুহুঁ—পদ ; শুতলি—র, ন, বি ১, সা ৩, বি ২।

৭ নাহি—ক, স ; নহি—বিদ্যা।

৮ পায়ব—বিদ্যা।

[ ২০৩ ] পদ পদ ২৭৫৬, পৃ ১৪০, ৪র্থ খণ্ড ; ন পদ ১২৩, পৃ ১৩০ ; বিদ্যা পদ ২৬৪, পৃ ১৬০ ; বি ৩, পদ ২২৮৫, পৃ ২৩৪ ; র পদ ১২৩, পৃ ১৫৩ ; স পদ ১৬২, পৃ ৫৬৮ ; বি ১, পৃ ৩৩ ; বি ২, পৃ ৩০ ; সা ১, পৃ ৩৭ ; সা ২, পৃ ৩৭ ; সা ৩, পৃ ৫৪।

৯ বিছেদে—পদ ; বিছোহ—বিদ্যা ; বিচ্ছেদে—র, ন, স, বি ১, ২, সা ১, ২।

১০ তুহুঁকি—বি ২।

১১ গরগর—পদ ; দরদর—বি ১, ২, সা ৩।

১২ ঝরয়—বি।

তুহুঁ মনে[1] মনসিজ জাগি রহু।
তিল[2] বিছরণ[3] নহে[4] কেহু কাহু॥
নিশবদে শূতল[5] নিন্দ নাহি[6] ভায়।
বিয়োগ বিয়াধি[7] বিথারল[8] গায়॥
তুহুঁক[9] তুলহ[10] নেহা[11] তুহুঁ ভালে জান।
তুহুঁজন[12]-মিলনে[13] মধ্যত[14] পাঁচবাণ॥
রায়শেখর[15] জানে[16] ইহ[17] রস-রঙ্গ[18]।
পরবশ প্রেম[19] সতত নহে ভঙ্গ॥

---

## সখীগণের বাক্যে শ্রীকৃষ্ণকর্তৃক শ্রীরাধার বেশ রচনা

[ ২০৪ ]

তথা রাগ

সখি গণ কহে শুন নাগর কান।
বিরচহ রাইক বেশ বনান॥

---

১ তুহুঁজন—সা ১, ২। ২ বিছরণ—বি ১, ২, র, ন, সা ১, ২ ; বিছর—সা ৩।
৩ নাহি—বি ১, ২ ; না—র, ন, সা ১, ২, ৩।
৪ হোয়ে—র, ন, সা ১, ২ ; হয়—বি ১, ২ ; হোএ—সা ৩।
৫ সূতলি—বি ১, ২, সা ৩। ৬ নিন্দ না—বি ১।
৭ বেয়াধি—বি ১, সা ৩। ৮ বেথা রহল—বি ১।
৯ তুহুঁকহুঁ—র ; তুহুকে—বি ১। ১০ তুহু—বি ১।
১১ হানই—বি ১ ; নেহ—পদ ; লেহ—সা ৩ ; নেহা—বি ২।
১২ তুহুঁকেরি—র, ন, সা ৩ ; তুহুকে—বি ১ ; তুহুঁক—সা ১, ২।
১৩ মিলন—বি ১।
১৪ মধত—বি, ন, র ; মধ্যস্থ—বি ২ ; মকুত—সা ৩।
১৫ কবিশেখর—বি। ১৬ জান—বি।
১৭ এই—বি ২। ১৮ সবরঙ্গ—বি ২। ১৯ পেম—বি।

[ ২০৪ ] পদ পদ ২৪৯৯, পৃ ৪৩, ৪র্থ খণ্ড ; বি ৩, পদ ১১৩৯, পৃ ১০৯ ; সা ১, পৃ ৩৬ ; সা ২।

সীথি রচন করি দেহ সিন্দুর।
চিবুকহি মৃগমদ রচহ মধুর॥
নয়নহি অঞ্জন যাবক পায়।
পীন পয়োধর চিত্রহ তায়॥
ঐছে[1] বচন তব শুনইতে পাই।
শেখর বেশ-সাজ লেই[2] ধাই॥

---

## সুবলের সঙ্গে শ্রীকৃষ্ণের রাধাকুণ্ডের তীর-নিকুঞ্জে গমন

[ ২০৫ ]

ধানশী

সব ধেনুগণ লৈয়া গোপগণে[3] নিয়োজিয়া
সভারে করিল সাবধান।
দাদার নিকটে যাঞা বিনয়ে বিদায় হৈয়া[4]
বনশোভা দেখিবারে কান॥
কানু কহে ওরে ভাই খেল সভে এই ঠাঞি
আমি আসি কানন দেখিয়া।
থাকিবে দাদার কাছে কেহ কোথা যাও পাছে
গিলিবে অসুরে সভে লৈয়া॥

---

১ ঐছন—ক। ২ লই—ক, চ সা ১, ২।

[ ২০৫ ] পদ পদ ২৫৭৭, পৃ ৭২, ৪র্থ খণ্ড; স পদ ১০০, পৃ ৫৪১।

৩ গোপনে—স. ক। ৪ দিয়া—ঘ।

শিশু পশু নিয়োজিয়া        সুবল বটুরে লইয়া
বাহির হইলা নটরায়।
রাইয়ের সরসী কূলে        আইলা কদম্ব মূলে[1]
সময়ে[2] শেখর রস গায়॥ *

---

## শ্রীকৃষ্ণের ভোজন

[ ২০৬ ]

তথা রাগ

রতন-ভবনে        কুঞ্জ-দাসীগণে
ফল মূল আনি কত।
সংস্কার করি        থালী ভরি ভরি
রাখিল বিবিধ মত॥
বাদাম ছোহরা[3]        দ্রাক্ষা মধুরা
কঙলা কেশর বেল।
দাড়িম নারেঙ্গা[4]        খর্জ্জূর ছোলঙ্গা
শালু পীলু নারিকেল॥
খরমুজা খিরিণী        বদরী বিরীণী
কদলী কন্দ মূল।
আম্র পনস        বিবিধ সুরস
আতা আনারস কুল॥

---

১ তলে—ক।        ২ সময়ে—ক।

* এই পদটি র, ন পুথিতে "জননী বিদায় করি……" এই পদের সঙ্গে মিশ্রিত হইয়াছে।

[ ২০৬ ] পদ পদ ২৬৫১, পৃ ১৮, ৪র্থ খণ্ড; স পদ ১২৩, পৃ ৫৫০।

৩ ছোহারা—স।        ৪ নারাঙ্গা—ক, স।

পেয়ারা মৃণাল তাল পানীফল
টেটি মিঠি করকটি।
বিবিধ মিঠাই ধরল তথাই
নানা মত পরিপাটী॥

বাতাসা বুন্দিয়া লাড্ডু মনোহরা
মিছরি নবাত ফেনি।
ছেনা পানা সর- ভাজা রসকরা[1]
খণ্ডা[2] মণ্ডা পদ্মচিনি॥

অমৃত কেলিকা লড্ডুক[3] অধিকা
কর্পূরকেলিকা আর।
রসালা মাখনে রাখিল যতনে
নানা মত পরকার॥

দেখিয়া নাগর রসের সাগর
বটুরে আনিল তথা।
দ্বিজের কুমার দেখি উপহার
সঘনে ঢুলায় মাথা॥

তারে করি বামে সুবলে ডাহিনে
বসিলা রসিক রায়।
দেয়ত সুমুখী রঙ্গে সব সখী
শেখর দাঁড়াঞা চায়॥

---

১ শরকরা—স ক।   ২ খণ্ড—স, পদ।
৩ লড্ডুকা—ক স।

## রাস-বিলাস

### গৌরচন্দ্র

[ ২০৭ ]

কেদার

সহচর সঙ্গে গৌর নট-রাজ।
বিহরয়ে[১] নিরুপম কীর্ত্তন সমাজ[২] ॥
সুরধুনি-তীর[৩] পুলিন মনোহর।
গৌরচন্দ্র ধরি গদাধর-কর ॥
কত শত যন্ত্র সুমেলি করি।
বাওয়ে[৪] মৃদঙ্গ করতাল ধরি ॥
গাওত সুমধুর রাগ রসাল।
হেরি হরষিত কোই[৫] কহে ভালি[৬] ভাল ॥
গদাধর বামে ডাহিনে নরহরি।
রায় শেখর কহে যাঙ[৭] বলিহারি ॥

---

[ ২০৭ ] পদ পদ ২৭১১, পৃ ১২৩, ৪র্থ খণ্ড; ন পৃ ৩৭১; গৌ পদ ৮০, পৃ ২৭২; বি ৩, পদ ২৩৭৪, পৃ ২৪৯; স পদ ১৪৮, পৃ ৫৬৩; র পদ ৩৫, পৃ ২।

১ বিহরই—কা।
২ মাঝ—গৌ, কা।
৩ তীরে—গৌ।
৪ বায়ে—কা।
৫ কো—গৌ।
৬ গৌ পুথিতে নাই।
৭ যাউ—স।

## রাস

[ ২০৮ ]

তথা রাগ

তত্তা থৈ থৈ বাওয়ে[১] মৃদঙ্গ ।
নাচত বিধু-মুখি অঙ্গ-বিভঙ্গ ॥
সুবিষম তাল কানু যব দেল ।
তব ললিতা সখি হরষিত ভেল ॥
কানু কহে সুন্দরি কর[২] অবধান ।
ইহ পর পদ-গতি করহ সন্ধান ॥
রঙ্গিণি সহচরি বাওত ভাল ।
কানু দেওত করে সুবিষম তাল ॥
নাচত সুবদনি কতহুঁ সুছন্দ ।
হেরি চমকিত সব সহচরি-বৃন্দ ॥
কোই কহ[৩] ধনি ধনি কোই জয়কার ।
কানু দেওল নিজ গুঞ্জা-হার ॥
কণ্ঠে দেয়ল ধনি উর পর লাগ ।
কহ শেখর সোই[৪] নব অনুরাগ ॥

---

[২০৮] পদ পদ ২৭১৭, পৃ ১২৬, ৪র্থ খণ্ড; স পদ ১৫১, পৃ ৫৬৪; সা ১ পৃ ৩৩।

১ বাওে—সা ১।　　২ করহ—সা ১।

৩ কহে—স, ক, চ।　　৪ সা ১ পুথিতে নাই; কোই—ঘ।

## শ্রীরাধাকৃষ্ণের বিলাস

[ ২০৯ ]

ধানশী

চিরক[১] পবনে[২] ধনি শীতল ভেল।
ছরম ঘরম সব দূরহিঁ গেল॥
বৈঠল দুহুঁ যব শেজক মাহ।
তব অনুমানল রসিক সুনাহ॥
রাইক ইহ সব কপট তরাস।
বুঝিয়া রসিকবর লহু লহু হাস॥
তহিঁ পুন চুম্বই রাই-বয়ান।
দুহুঁ জন-মরমে হানল পাঁচ-বাণ॥
পুন বিলসয়ে দুহুঁ হেরইতে ধন্দ।
কহ কবিশেখর ইহ পরবন্ধ॥

---

[ ২১০ ]

বরাড়ী

তুলসী চতুরা[৩] কহয়ে মধুরা[৪]
কাতর দেখিয়া কান।
তুষিয়া তাহারে চলিলা সত্বরে
রাখিয়া আপন মান॥

---

[ ২০৯ ] পদ পদ ২৭২৪, পৃ ১২৮, ৪র্থ খণ্ড ; স পদ ১৫৪, পৃ ৫৬৫ ; সা ১, পৃ ৩৪।

১ চীকরু—সা ১। ২ পবনহি—সা ১।

[ ২১০ ] পদ পদ ২৭৭৭, পৃ ১৪৭, ৪র্থ খণ্ড ; স পদ ১৬৩, পৃ ৫৬৮।

৩ চতুর—স। ৪ মধুর—স।

বিরা বৃন্দা আসি রাই রসে রসি[১]
সাজায়ল নিজ মনে।
করি সমাপন আসিতে ভবন
তুলসী মিলিলা বনে॥
হাস পরিহাসে রাইক আবাসে[২]
আইলা কানন-সখী।
শেখর সহিতে বারতা শুনিতে
সজল রাধার আঁখি॥

---

## শ্রীরাধাকৃষ্ণের মিলন

[ ২১১ ]

বরাড়ী

দুহুঁ[৩] দোহাঁ[৪] মীলই[৫] বাহু পসারি।
দুহুঁ-সুখে মাতল সব কুল-নারি॥
দুহুঁ[৬] লই[৭] বৈঠলি[৮] বকুলক ছায়।
অগুরু[৯] চন্দন কেহো দেই দুহুঁ-গায়॥

---

১ রাইক সরসী—পদ। ২ আওয়াসে—স, পদ।

[২১১] পদ পর ২৭৮১, পৃ ১৪৮, ৪র্থ খণ্ড; স পদ ১৬৪, পৃ ৫৬৮; সা ১ পৃ ১৭; সা ২, পৃ ১৭; সা ৩, পৃ ২২।

৩ দোঁহে—র, দুঁহে—সা ৩। ৪ দুঁহু—সা ৩।

৫ মিলল-সা ১, ২, ৩, মীলল—র, ন।

৬ দুহুঁকে—সা ১, ২। ৭ লেই—র, ন, সা ১, ২।

৮ বৈঠল—সা ১, ২, ৩। ৯ অগোর—পদ।

তুহুঁ-পদ[১]-পঙ্কজে কেহো[২] দেই নীর।
কেহো বীজই লই পাতল চীর[৩]॥
কেহো কেহো[৪] ধোয়াওল[৫] তুহুঁ-মুখ-চান্দ[৬]।
মদন লাজে মরি হেরি তুহুঁ ছান্দ[৭]॥
* মধুমতি মধু লই করল পয়ান।
কনক বেলি[৮] ভরি তুহুঁ করু পান॥
তুহুঁ-অঙ্গে বিকশিত বিবিধ বিকার।
মাতল মনমথ লাজ কিয়ে[৯] আর॥
তুহুঁ[১০] মিলি[১১] বৈঠলি[১২] নিভৃত নিকুঞ্জে।
তুহুঁ-গুণ গায়ত[১৩] মধুকর-পুঞ্জে॥

---

১ পাদ—সা ৩। ২ কোই—ন।

৩ এই পংক্তির পাঠ বিভিন্নরূপ রহিয়াছে; এইস্থলে সা ৩ পুথির পাঠ অর্থসঙ্গত ও লালিত্যপূর্ণ হওয়ায় গ্রহণ করা হইয়াছে।—

কেহো কেহো বীজই শীতল সমীর॥—পদ।
কেহো বীজন লেই পাতল চীর॥—ন।
কেহ বীজই তব লেই পাতল চীর॥—সা ১, ২।

৪ আসি—র, ন, সা ১, ২, ৩।

৫ ধোয়ল—পদ, ধায়ল—স, ধোয়ায়ল—সা ১, ২, ন।

৬ চন্দ—স, ন, পদ।

৭ এই পংক্তির পাঠ বিভিন্ন পুথিতে বিভিন্নরূপ রহিয়াছে; এইস্থলে 'র' পুথির পাঠ অধিকতর লালিত্যপূর্ণ ও অর্থসঙ্গত হওয়ায় গ্রহণ করা হইয়াছে।—

লাজে মদন হেরি রহলহুঁ ধন্দ॥—পদ।
মদন লাজায়ল হেরি তুহুঁক সুছান্দ॥—সা ৩।

* পঞ্চম ও ষষ্ঠ পংক্তি র, ন, সা ১, ২, ৩ পুথিতে রহিয়াছে।

৮ ঝারি—সা ১, ২। ৯ কি—পদ, র, ন।

১০ তুহুঁকে—সা ১। ১১ মেলি—পদ, সা ১, ২, ৩।

১২ বৈঠল—পদ। ১৩ গায়ই—সা ৩, র।

রাধা-মাধব তব করি[১] এক ঠাঁয়।
দুহুঁ-মুখ[২] নিরখই[৩] শেখর রায়[৪] ॥

---

## শ্রীরাধাকৃষ্ণের রসালাপ

[ ২১২ ]

রামকেলি

অলসহি[৫] নাগরি[৬] কুসুম-শেজ পরি
শূতলি[৭] নাগর[৮]-কোর।
কিয়ে রতিপতি-তুণ ভেল বাণ-শূন
কিয়ে হেরি রহল বিভোর ॥

দেখ দুহুঁ-নিন্দক রঙ্গ।
কনক লতায়ে তমাল জনু বেঢ়ল
চাঁদ[৯] সুরজ এক সঙ্গ ॥

বয়নহিঁ বয়ন ভুজহিঁ ভুজ বন্ধন
চরণহি চরণ বেয়াপি।
তড়িতহিঁ জড়িত যৈছে নব-জলধর
শশি-কর তিমিরহিঁ ঝাঁপি ॥

---

১ করি—র, সা ৩, ভেল– পদ. ওবকরি—সা ১, ২।

২ রূপ—র. ন, সা ৩।

৩ হেরই—পদ, নিরখয়ে—ন, নিরখায়—সা ১, ২।

৪ গায়—ন।

[ ২১২ ] পদ পদ ২৮৩৬, পৃ ১৬৭, ৪র্থ খণ্ড; স পদ ১৭৬, পৃ ৫৭৬; সা ১, পৃ ৩৭; সা ২, পৃ ৩৮।

৫ আলসহি—ক, চ, স।　৬ নাগর—ঘ।

৭ শূতল—ঘ।　৮ নাগরি—ঘ।

৯ চান্দ—সা ১, ২।

কনক-মেরু-যুগ নীল-জলধি-জলে
ডুবল হেন অনুমানি।
ঐছন অপরুপ কো করু অনুভব
কহ কবিশেখর জানি॥

---

# শ্রীগৌরাঙ্গ বিষয়ক পদাবলী

## শ্রীগৌরাঙ্গের সন্ন্যাস

[ ২১৩ ]

তথা রাগ

কলি-কবলিত[১] কলুষ[২]-জারত[৩]
দেখিয়া জীবের দুখ।
করল উদয় হইয়া সদয়
ছাড়িয়া গোকুল[৪]-সুখ॥
দেখ গৌর গুণের সীমা।
দীন হীন পাইয়া দিছেন যাচিয়া
বিরিঞ্চি-বাঞ্ছিত প্রেমা॥ ধ্রু॥

---

[২১৩] পদ পদ ২১৯৭, পৃ ২৫৬, ৩য় খণ্ড; ঐ পদ ২২৬০, পৃ ২৭৯, ৩য় খণ্ড; ইহা প-র-সা পুথির ২৩০৫ ও ২৩৬৫ সংখ্যক পদ; র পদ ৫; পৃ ।/০।

১ কলিত বলিত—ক, খ, ঘ, চ। ২ কল্মষ—প-র-সা।
৩ জায়ত—ঘ। ৪ গোলক—র।

অকিঞ্চন-বেশে ফিরে দেশে দেশে
সঙ্গে লৈয়া নিজ জন।
করিয়া সন্ন্যাস হৈলা আন-বেশ
কে বুঝে তাহার মন॥
পতিত-পাবন বলে সব জন
এ সব করুণা লাগি।
শোকের-সাগর এ রায় শেখর
ও রাঙ্গা চরণ মাগি॥

---

## রূপ

[ ২১৪ ]

কামোদ

অতুল অতুল গৌরাঙ্গের রূপ, অতুল তাহার আভা।
অতুল অতুল শশাঙ্ক-বয়ানে, অতুল হাসির শোভা॥
অতুল যজ্ঞসূত্রের গোছাটী, অতুল গীমেতে দোলে।
অতুল রজত-সরিৎ-জনু, অতুল হিমাদ্রি-কোলে॥
অতুল অতুল শুক-চঞ্চু-তুল, অতুল নাসিকা শোহে।
অতুল অতুল সফরী-নয়ানে, অতুল চটুল চাহে॥
অতুল অতুল পক্ক বিম্বফল, জিনি ওষ্ঠ দুটী তার।
অতুল অতুল দশনের রুচি, জনু মুকুতার হার॥
অতুল হেলন অতুল দোলন, অতুল চলন তায়।
অতুল রূপেতে বাতুল সবহুঁ, বঞ্চিত শেখর রায়॥

---

[ ২১৪ ] গৌ পদ ৪৪, পৃঃ ১৪৩।

[ ২১৫ ]

কামোদ

সুন্দর সুন্দর গৌরাঙ্গসুন্দর, সুন্দর সুন্দর রূপ।
সুন্দর পিরীতি রাজ্যের যেমতি সুঘড় সুন্দর ভূপ॥
সুন্দর বদনে সুন্দর হাসনি, সুন্দর সুন্দর শোভা।
সুন্দর নয়ানে সুন্দর চাহনি, সুন্দর মানস-লোভা॥
সুন্দর নাসাতে সুন্দর তিলক, সুন্দর দেখিতে অতি।
সুন্দর শ্রবণে সুন্দর কুন্তল, সুন্দর তাহার জ্যোতি॥
সুন্দর মস্তকে সুন্দর কুন্তল, সুন্দর মেঘের পারা।
সুন্দর গীমেতে সুন্দর দোলয়ে, সুন্দর কুসুমহারা॥
সুন্দর নদীয়ানগরে বিহার, সুন্দর চৈতন্যচাঁদ।
সুন্দর লীলার সৌন্দর্য্য না বুঝে, শেখর জনমআঁধ॥

---

[ ২১৬ ]

তথা রাগ

কনয়া কমলদল কোমল দেহ।
রূপহেরি কোই না বান্ধই থেহ॥
গুরুয়া মনোরথ মনমাহা যোই।
সুজনক ভাবে অনুখণ রোই॥
প্রেম রতন ধন সব জনে মাগি।
দিনে দিনে বাঢ়ই বিরহকি আগি॥
রস সাগর দেহ পিরিতি গভীর।
উছলি উছলি বহে নয়নকি নীর॥

---

[ ২১৫ ] গৌ পদ ৯২, পৃঃ ১৪৩।
[ ২১৬ ] র পদ ১৩, পৃ ৮/০।

কহে কবি শেখর অনুভব জানি।
ধনি নব নেহ চলিতে অনুমানি॥

---

[ ২১৭ ]

বেলআর রাগ

অমল কমল দেহক কাঁতি।
স্বেদবিন্দু যেন মুকুতা পাঁতি॥
চন্দন চর্চ্চিত চারু কপাল।
আজানুলম্বিত-বাহু রসাল॥
তরুণ পুলক অরুণ বাস।
খেণহি রোদন খেণহি হাস॥
গদ গদ আধ মধুর বোল।
প্রিয় গদাধর করিয়া কোল॥
এ কবি শেখর পড়ল ধন্দ।
কপট সন্ন্যাসী গৌরচন্দ॥

---

[ ২১৮ ]

ধানশী রাগ

হৃদি মাহা শ্যাম তড়িত সম দেহা।
চন্দন গন্ধ জনু ঐছন নেহা॥
পীতাম্বর ধারী অনুখণ রোই।
নীলাম্বর ধারী রাধাসম সোই॥

---

[ ২১৭ ] র পদ ১৯, পৃ ॥৵০।
[ ২১৮ ] পদ ৮, পৃ ॥৵০।

গাঢ় হি গাঢ় গৌর অবতার।
পুরুষ প্রকৃতি পর বুঝহি না পার ॥ ধ্রু ॥
বিলসই আপন পুরুষ অভিলাষ।
নীলমণি কাঞ্চন মুরুতি প্রকাশ ॥
রায়শেখর কহ কহিল না হোয়।
অরুণ চরণ পুন মাগহুঁ তোয় ॥

## শ্রীগৌরাঙ্গের রূপ

[ ২১৯ ]

সুহই

কুন্দন[১] কনক-কমল- রুচি-নিন্দিত
সুরধনি-তীর-বিহারী।
কুঞ্চিত-কণ্ঠ- কলিত[২]-কুসুমাকুল
কুল-কামিনি-মনহারী ॥
জয় জয় জগ-জীবন যশ-ধীর।
-জাহ্নবি যমুনা[৩] যেন জলধর বরিখণ
ঐছে নয়নে বহে নীর ॥ ধ্রু ॥
পতুমিনি-পুরুব- পিরিতে[৪] পুলকায়িত
পরিজন-প্রেম পসারি।
পহিরণ পীত পট[৫] নিপতিতাঞ্চল[৬]
পদ-পঙ্কজ পরচারী ॥

[২১৯] পদ পদ ২১৬০, পৃ ২৪১, ৩য় খণ্ড; ইহা প-র-সা পুথির ২২৬৭ সংখ্যক পদ; গৌ পদ ৩৮, পৃ ১২৪; র পদ ১৮, পৃ ১/০; স পদ ৫৮, পৃ ৫২১।

১ কুন্দল—প-র-সা। ২ ললিত—গৌ।
৩ সমুদ্র—স। ৪ পিরিতি—র, গৌ, স।
৫-৬ পতনি পতিতাঞ্চল—ঘ, চ।

* রসবতি-রমণি- রঞ্জন রুচিরানন[১]
রতি-পতি রঙ্গিত[২] তায়।
রসিক-রসায়ন[৩] রসময়[৪] ভাষণ[৫]
রচয়তি শেখর রায়॥

---

[ ২২০ ]

সুহিনী

কি পেখলুঁ[৬] গৌর কিশোর।
সুরধুনি-তীরে উজোর॥
সুঘড়[৭] ভকতগণ সঙ্গ।
করতহিঁ কত কত[৮] রঙ্গ॥
মন্দ মধুর মৃদু হাস।
কুন্দ কুমুদ[৯] পরকাশ॥
জানু-লম্বিত[১০] ভুজ-দণ্ড।
জীতল[১১] করিবর-শুণ্ড॥

---

* এইস্থলে র-পুথির পাঠ :—"রমনীরঞ্জন ঘন রুচিরানন"—র

১ রুচিরানল—ক।

২ রঞ্জিত—র। ৩ ভুষণ—র।

৪-৫ রসিক রসায়ন—র।

[২২০] ইহা প-র-সা পুথির ২২৬৬ সংখ্যক পদ; পদ পদ ২১৫৯, পৃ ২৩১, ৩য় খণ্ড; গৌ পদ ২২, পৃ ১১৮; র পদ ১৫, পৃ ৸৶০; স পদ ৫৭. পৃ ৫২০; স পদ ৫৯, পৃ ৫২১।

৬ পেখিলুঁ—র, গৌ। ৭ সুগড়—র।

৮ মত্ত—স, গৌ। ৯ কুসুম—ক, র, স, গৌ।

১০ আজানুলম্বিত—র, স, গৌ। ১১ জিতল—ক, চ, প-র-সা।

অহনিশি ভাবে[১] বিভোর[২] ।
কুল[৩]-কামিনি-চিত-চোর ॥
মদ[৪]-মন্থর গতি-ভাতি ।
মূরছিত মনমথ-হাথি ॥
সো পদ-পঙ্কজ বায় ।
কহ কবি শেখর রায় ॥

---

[ ২২১ ]

মঙ্গল

নির্ম্মল[৫] কাঞ্চন জিতল বরণ
বসন-ভূষণ-শোভা ।
সুগন্ধি চন্দন তাহাতে লেপন
মদন-মোহন আভা[৬] ॥
উর[৭] পরিসর[৮] নানা মণি-হার
মকর-কুণ্ডল কাণে ।
মধুর হাসনি তেরছ চাহনি
হানয়ে[৯] মরম[১০] বাণে[১১] ॥

---

১ নিজরসে—র। ২ ভোর—র।
৩ কুঞ্জ—র। ৪ মদন—ক, খ, চ, র, স, গৌ, প-র-সা।

[২২১] ইহা প-র-সা পুথির ২২৬৩ সংখ্যক পদ ; পদ পদ ২১৫৬, পৃ ২৪০, ৩য় খণ্ড ; গৌ পদ ৯৪, পৃ ১৪৪ ; র পদ ১০, পৃ ।৶০ ; স পদ ৫৪, পৃ ৫১৯।

৫ নিরমল—ক, খ, প-র-সা, বিমল—ঘ।
৬ দেবা—র। ৭ উরসি—গৌ।
৮ পর—গৌ। ৯ হানল—র।
১০ মরমে—ক, স। ১১ খানে—র।

বিনোদ বন্ধান[১] দুলিছে লোটন
মল্লিকা-মালতী-বেড়া।
নদীয়া নগরে নাগরীগণের
ধৈরজ-ধরম-ছাড়া॥
মদন-মন্থর গতি মনোহর
করী সরমিত তায়।
এ থল[২]-কমল চরণ-যুগল
দুখিয়া শেখর রায়[৩]॥

---

[ ২২২ ]

জয়-জয়ন্তী[৪]

মুন্দির-মাধুরী- মধুর মূরতি
মৃদুল[৫] মোহন ছান্দ[৬]।
মৌলি-মালতি- মালে মধুকর
মোহিত মনমথ ফান্দ[৭]॥
গৌর সুন্দর সুঘড়-শেখর
শরদ-শশধর-হাস।
সঙ্গে সাজক সুঘড় ভাবক
সতত সুখময় ভাষ॥

---

১ বন্ধন—স, গৌ, ক, বান্ধন—খ, প-র-সা।

২ এমন—গৌ। ৩ গায়—ঘ।

[ ২২২ ] ইহা প-র-সা পুথির ২২৬৮ সংখ্যক পদ; পদ পদ ২১৬১, পৃ ২৪২, ৩য় খণ্ড; গৌ পদ ৩৯, পৃ ১২৪; র পদ ১৯, পৃ ১৵০।

৪ সুন্দর—র। ৫ মদন—প-র-সা।

৬ ছাঁদ—গৌ। ৭ ফাঁদ—গৌ।

চীন[১] চাঁচর চিকুর চুম্বিত
চারু-চন্দ্রিক-মাল।
চকিত চাহিতে চপল চমকিত
চীত চোরল ভাল॥
গান গুর্জ্জরি গৌরি গান্ধার
গমক গরজন তায়।
গমন গজ-পতি- গরব গঞ্জিত
গাওয়ে[২] শেখর রায়॥

---

[ ২২৩ ]

ভাটিয়ারি *

অতি অপরূপ রূপ মনোহর
তাহা না কহিবে কে। †
সুরধুনী-তীরে নদীয়া নগরে
‡ দেখিয়া আইলুঁ সে[৩]॥
পিরিতি-পরশ[৪] অঙ্গের ঠাম
ললিত লাবণ্য-কলা।
নদীয়া-নাগরী করিতে পাগলী
না জানি কোথা না ছিলা॥

---

১ চিকন—র। ২ গাএ—র।

[২২৩] প-র-সা পুথির ২২৬৪ সংখ্যক পদ; পদ পদ ২১৫৭, পৃ ২৪১, ৩য় খণ্ড); গৌ পদ ৩৬, পৃ ১২৩; র পদ ১২, পৃ ৮০; স পদ ৫৫, পৃ ৫২০; গৌ পদ ৩৩, পৃ ১৬৭ (গৌ-২)।

* কামোদ, গৌ-২।

† প্রথম ২ পংক্তির পরিবর্ত্তে, গৌ-২ পাঠ—সখি গৌরাঙ্গ গড়িল কে?

‡ "হইল রসের দে।"—র, উয়ল রসের দে, গৌ-২।

৩ যে—স। ৪ রসের—র।

সোণায়[১] বান্ধল[২] মণির[৩] পদক
উরে[৪] ঝলমল করে।
ও[৫] চাঁদ-মুখের মাধুরী হেরিতে
তরুণী হিয়া না ধরে॥
যৌবন-তরঙ্গে[৬] রূপের পাথার[৭]
পড়িয়া[৮] অঙ্গেতে[৯] ভাসে।
শেখরের পহু বৈভব কো[১০] কহুঁ
ভুবন ডুবিল[১১] যশে॥

---

## নাগরীয় পদ

[ ২২৪ ]

তথারাগ

সুরধুনী তীরে ধীরে চলু নাগর
রসিক-মুকুট-মণি গোর।
কতবিধ ভাব বিভাবিত অন্তর
দিন রজনী রহু ভোর॥
দেখ দেখ অপরূপ হেমক চান্দে
কুলবতি মুরুতি হরিণী জিনি লোচন
ফাসল দৃগঞ্চল ফান্দে॥

---

১ সোণাতে—র। ২ বাঁধল—গৌ-২।
৩ মালার—প-র-সা। ৪ উর—র, গৌ-২।
৫ সে—র। ৬ তরঙ্গ—গৌ-২।
৭ পাথারে—ক, খ, চ, প-র-সা, স, গৌ, র; বাণ—গৌ-২।
৮-৯ অঙ্গেযে পড়িয়া—র; পড়িয়া অঙ্গ যে—গৌ-২।
১০ কে—র। ১১ ভরল—র, গৌ-২।
[২২৪] র পদ ২০, পৃ ১।০।

বিম্বাধর সোই মধুর মৃদু হাসনি
শিলা দরপণ ভাসে।
নিন্দই ইন্দু বদন শশি উজর
নাগর গরিম বিলাসে ॥

সহচরী মেলি কেলি রস-বাদর
কৌতুক কহ কই পার।
বিবিধ বৈদগধি যতনে নিরমাওল
ও রূপ প্রেমক সার ॥

যশ ধন সম্পদ বিপদ মোহে লাগল
গুরু গৌরব নাহি ভায়।
তনু মন জীবন তছু পদে সোঁপলু
এহি সাখি শেখর রায় ॥

---

[ ২২৫ ]

তথারাগ

শুন শুন সই আন হেন নই
কেবল তোমার আমি।
দেখিয়া তোমায় পোড়এ অন্তর
জানিয়া না জান তুমি ॥

সখি, স্বরূপে কহিবে মোরে।
আজি হেন কেনে মলিন বয়ান
ঝামর দেখিএ তোরে ॥ ধ্রু ॥

---

[২২৫] র পদ ২৩, পৃ ১।৵০।

নয়ান অরুণ বন্ধুক বরণ
তাহে ছল ছল নোর।
দেখি গোরচনা পাশরে আপনা
কেমন বেআধি তোর॥
না করি বিশ্বাস ছাড়হ নিশ্বাস
আমারে কিসের ডর।
বুঝিএ বিআধি কহিব ঔষধি
তুমিত নহত পর॥
হই এত বধি কহব সমাধি
না বুঝি করিস্ ছন্দ।
জানিয়া অন্তর কহএ শেখর
ব্যাধি সে গউর চন্দ॥

---

[ ২২৬ ]

তথারাগ

কি পেখলু রে সখি আজু বড় রঙ্গ।
ফুটল বান্ধুলি কমলক সঙ্গ॥
উতপল উপর, ভ্রমর করু ভোর।
কুন্তীনন্দন মূলে মকর উজোর॥
কশিপু সহোদর কোটি জিনি দেহা।
ঝাপল জলধর বিজুরিক রেহা॥
গঞ্জিত দ্বিজরাজ উদিত দ্বিজরাজ।
ভকত নখত তঁহি বেঢ়ি সমাজ॥

---

[ ২২৬ ] র পদ ২৯, পৃ ১॥৵০।

কহ কবি শেখর অনুভব সার।
মূঢ় না বুঝয়ে গূঢ় অবতার॥

---

[ ২২৭ ]

ভূথারাগ

পরম উদার পহুঁ পরম উদার।
নিত্যানন্দ চৈতন্য পরম উদার॥
যুগল প্রেমে করি জগত নিস্তার।
লীলানাম রটত নিশি বাসর॥
গোপীনাথ উচার॥ ধ্রু॥

প্রাণ পিআরী প্রাণ পিআরো
নয়নে নয়ন নেহারি।
শ্রীরূপ স্বরূপ মনো ভাঙনী
কিরণ ততি তনুধারী॥
অধর প্রবাল দশন মুকুতা ফল
হেরইতে লাগএ শোভা।
ভোরিমনো মনমথ একুল কামিনী
দীঠি চকোর তহি লোভা॥
সুন্দরি, আনন্দ কন্দ দ্বিজরাজ।
যব তুহুঁ হেরবি তব সব জানবি
মদন কি ওর ভয় ভাজ॥ ধ্রু॥
নাসা তিলফুলে তাহে মুকুতা দোলে
বিপিনহরিণী জিনি নয়না।
বাহু মৃণাল পাণি দুই কিশলয়
হিমকর ভাসে ভবভই বসনা॥

---

[ ২২৭ ] র পদ ৩১, পৃ ১৮০।

মাঝহি খীণ পীননিতম্ব তঁহি
তঁহি পরত মুখ বাস।
কুল কামিনী মন মদমত বারণ
বান্ধল ভুরুযুগ পাশ॥
নলিনী অধোমুখ হেরি চরণ যুগ
গজ গতি মন্থর ভাঁতি।
নব কবিশেখর মনহি মধুকর
অহনিশি রহু তথি মাতি॥

---

[ ২২৮ ]

তথা-রাগ

নিরুপম কাঞ্চন- রুচির কলেবর
লাবণি বরণি না হোয়।
নিরমল বদন বচন-অমিয়া[১]-সর[২]
লাজে সুধাকর রোয়॥
* হেরলু রে সখি রসময় গৌর
বেশ বিলাসে মদন[৩] ভেল ভোর॥ ধ্রু॥
লোল অলক-কুল[৪] তিলক সুরঞ্জিত
নাসা খগপতি-উন[৫]।
ভাঙ কামান বাণ দৃগঞ্চল
চন্দন-রেখ[৬] তাহে[৭] গুণ॥

---

[২২৮] ইহা প-র-সা পুথির ২২৬৫ সংখ্যক পদ; পদ পদ ২১৫৮, পৃ ২৪১, ৩য় খণ্ড; গৌ পদ ৩৭, পৃ ১২৩; র পদ ১৪, পৃ ৸৹; স পদ ৫৬, পৃ ৫২০।

১-২ অমিয়া রসে—র; অমিয়া রস—ঘ, প-র-সা।

* এইস্থলে র-পুথির পাঠ:—"হেরহুঁ আজু সুধাময় গোর"—র।

৩ মদন মন—র। ৪ অলকাবলী—র।

৫ ভূণ—র, গৌ। ৬ রেখা—স, গৌ। ৭ তহিঁ—র।

কম্বু-কণ্ঠে[১] মণি-হার বিরাজিত
কাম-কলঙ্কিত শোভা।
চরণ অলঙ্কৃত মঞ্জির ঝঙ্কৃত
রায় শেখর মন-লোভা॥

[ ২২৯ ]

শ্রীরাগ

তড়িত বিড়ম্বিত রূপে গুণে ওর।
বিলাসিনী কাতর রমণীগণ ভোর॥
আজু মুঞি কি পেখলুঁ গৌরকিশোর।
চোরাঅল চেতন-রতনহি মোর॥ ধ্রু॥
অব যদি বিহি হোএ মোহে অনুকূল।
তেজহুঁ গৃহপতি পাপমতি কুল॥
মন মানসরস কহএ কে জান।
শেখর জানে জানে পাঁচ বাণ॥

[ ২৩০ ]

ভাটিয়ারি রাগ

গোরা কলেবর হার ঝলমল
তাহে সে আনহি ছান্দ।
কপালে অলকা তিলক ঝলকা
অই সে মনের ফান্দ॥

---

১ কণ্ঠ—ক, স।
[ ২২৯ ] র পদ ২৪, পৃ ১।৵০।
[ ২৩০ ] র পদ ২৫, পৃ ১।৵০।

সই তোরে সে মরম কই।
বাক রতন পিরিতি পরশ
দরশে পরাণ গোই ॥ ধ্রু ॥
এ নব যৌবন এনা সে ভূষণ
ললিত লাবণ্য কলা।
এরূপ পসার সকল অসার
না হেরি শচীর বালা ॥
মুই সে অভাগী লাজ ভয় নাগি
আঙ্গিনা বাহির নও।
কহএ শেখর কুল বধূ বাদে
বিধির বিধান সও ॥

---

[ ২৩১ ]

যথা

গৌর রূপের উপমা নাহি
কি তাহা কহিল হয়।
দেখিলে নয়ন শীতল করএ
হৃদয়ে পশিয়া রয় ॥
সজনি মরম কহিএ তোরে।
একতিল মনে সোয়াস্ত না হয়ে
পরাণ না রহে ধড়ে ॥
একে সে নাগর রসের সাগর
গমন মন্থর লীলা।
দারুণ মদন না জানে বেদন
সঘনে করএ পীড়া ॥

---

[২৩১] র°পদ ২৮, পৃ :॥৵০।

এ যশ ধরম কুলের গরিম
নিছনি করিএ তায়।
মরম জানিয়া যুগতি মানিয়া
কহয়ে শেখর রায়॥

---

[ ২৩২ ]

তুড়ি রাগ

গৌরাঙ্গ নাগর রসের সাগর
পিরিতি বুঝিব কে।
বিজুরী বাটিয়া গা খানি মাজল
সুধ-সুধারস দে॥

কামের কামান ভুরুর সন্ধান
তাহে কটাক্ষের বাণ।
ধৈরজ ধরম কুলের গরিম
ভাঙ্গিল মানিনী মান॥

সই, সপতি করিএ তোর।
এদিন যামিনী গুণি গুণি গুণি
না জানি কি হবে মোর॥

যবে হেন লয় পাপ কুল ভয়
হিয়ায় ভরিয়া রাখি।
চিতের উচিত সে সব বিচার
পুছহ শেখর সাখি॥

---

[ ২৩২ ] র পদ ২৩, পৃ ১৷৵০।

[ ২৩৩ ]

যথা রাগ

কি পেখলু রে সখি গৌরকিশোর।
নটবর নাগর বয়স কিশোর॥
বেশ-ভূষণ হেরি নাগএ চঙ্ক।
কেবল কুলবতী মুরতি কলঙ্ক॥
চঞ্চল অরুণিম নয়ন সন্ধান।
জনু মনু হাসি মদন মুরুছান॥
কি কহবরে সখি তোহারি সমাঝ।
গুরুজন গৌরব না রহে লাজ॥
কহ কবি শেখর বচন নিরাস।
দূরে কর তাকর পরশ কি আশ॥

---

## শ্রীগৌরাঙ্গের নৃত্যাদি লীলা

[ ২৩৪ ]

বেলোয়ার

নাচত নীকে[১] গৌরবর-রতনা।
ভকত-কলপতরু কলি-মদ-মথনা॥
গরগর ভাবে তনু পুলকিত সঘনা।
নিজগুণে নিগুড়[২] প্রেম-রসে মগনা॥

---

[২৩৩] র পদ ১৭, পৃ ১৲।

[২৩৪] ইহা প-র-সা পুথির ২১৭২ সংখ্যক পদ: পদ পদ ২০৬৩, পৃ ২০৫, ৩য় খণ্ড; গৌ পদ ৫, পৃ ২৫০; র পদ ৩৬, পৃ ২/০; স পদ ৫১, পৃ ৫:৮।

১ নিকে—প-র-সা। ২ নিগূঢ়—র, য, গৌ।

ভাবে বিভোর লোর[১] ঝরু নয়না।
নিরবধি হরি হরি বোলত বয়না॥
গড়ি গড়ি ভূমে করত কত করুণা।
শ্রীপদ-কুসুম সুকোমল অরুণা॥
অজ ভব আদি সতত করু ভাবনা।
করু কবিশেখর সো পদ সেবনা[২]॥

[ ২৩৫ ]

কানড়া

নাচত নগরে নাগর গৌর
হেরি মুরতি মদন ভোর
যৈছন তড়িত রুচির অঙ্গ
ভঙ্গি নটবর[৩] শোহনি[৪]।
কাম-কামান ভুরুক জোর
করত[৫] কেলি শ্রবণ-ওর
গীম শোহত রতন-পদক
জগ-জন-মন-মোহিনি॥
কুসুমে রচিত চিকুরপুঞ্জ
চৌদিকে ভ্রমরা ভ্রমরী গুঞ্জ
পীঠে দোলয়ে[৬] লোটন-ভার[৭]
শ্রবণে[৮] কুণ্ডল দোলনি।

১ নোর—র। ২ ভাবনা—প-র-সা।

[ ২৩৫ ] ইহা প-র-সা পুথির ২১৯৯ সংখ্যক পদ; পদ পদ ২০৯০, পৃ ২১৫, ৩য় খণ্ড; গৌ পদ ৯০, পৃ ১৪১; র পদ ১৬, পৃ ৸৶০; স পদ ৫২, পৃ ৫১৮।

৩ ভঙ্গিমবর—খ। ৪ শোহিনী—র; শোভনি—ক, গৌ, স।

৫ করতহিঁ—গৌ, স, ক। ৬ দোলত—র।

৭ তার—ক, চ, গৌ, স, প-র-সা। ৮ কর্ণে—র।

মাহিষ[১]-দধি-রুচির[২] বাস[৩]
হৃদয়ে জাগত[৪] রাস-বিলাস
জিতল পুলক কদম্ব-কোরক
অনুখণ[৫] মন ভোলনি ॥
গজপতি[৬] জিনি[৭] গমন-ভাতি
প্রেমে-বিবশ দিবস রাতি
হেরি গদাধর রোয়ত[৮] হসত[৯]
গদ গদ আধ বোলনি।
অরুণ-বরণ[১০] চরণ-কঞ্জ
* তহিঁ নখমণি মঞ্জির রঞ্জ
নটনে বাজন ঝনর[১১]-ঝনন
শুনি মুনি-মন লোলনি ॥
বদন চৌদিগে শোহত[১২] ঘাম
কনক-কমলে মুকুতা-দাম
অমিয়া-ঝরণ মধুর বচন
কত রস পরকাশনি।
মহাভাব-রূপ রসিক-রাজ
শোহত সকল ভকত মাঝ
পিরিতি-মুরতি ঐছন চরিতি[১৩]
রায়শেখর-ভাষণি ॥

---

১ মহিষ—র। ২ রুচি—র। ৩ পিন্ধনবাস—র।
৪ জগত—ঘ। ৫ অনখন—গৌ।
৬ গজগতি—প-র-সা। ৭ জিতি—র। ৮ হাসত—র।
৯ বোলত—র ; হাসত—খ, ঘ, প-র-সা। ১০ নয়ান—ক।
* 'তহিপর মণিমঞ্জীর রঞ্জ'—র।
১১ ঝনন—র। ১২ শোভন—প-র-সা। ১৩ চরিত—গৌ, স।

[ ২৩৬ ]

কেদার

তা তা থৈ থৈ মৃদঙ্গ বাজই
ঝনর ঝনর করতাল।
তন তন তম্বুর বীণা সুমধুর
* বাজত যন্ত্র রসাল ॥

ডম্ফ থমক কত রবাব[১] বাজত
পদতল তাল[২] সুমেলি।
নাচত[৩] গৌর সঙ্গে প্রিয় গদাধর
সোঙরিয়া[৪] পুরবক[৫] কেলি ॥

তিরে তিরে ফুলবন যেন সেই[৬] বৃন্দাবন
জাহ্নবি যমুনা ভানে।
কীর্ত্তন-মণ্ডল শোভা[৭] অতি[৮] ভেল
চৌদিগে[৯] ভকত[১০] করু[১১]গানে ॥

[২৩৬] ইহা প-র-সা পুথির ২২০০ সংখ্যক পদ; পদ পদ ২০৯১, পৃ ২১৬, ৩য় খণ্ড; গৌ পদ ২১, পৃ ২৫৫; র পদ ২১, পৃ ১৶০; স পদ ৫৩, পৃ ৫১১।

* 'ঠন্ ঠন্ বাজে তাল'—র।

১ র-পুথিতে নাই। ২ বোল—র।

৩ নাচল—স, নাচয়ে—র।

৪ সোঙরি—র। ৫ পূরব—র।

৬ র, স, পদ—পুথির পাঠে নাই।

৭ রাস—র। ৮ সভা—র।

৯ ভকত—র। ১০ ভ্রমর—র।

১১ রস—র।

পুরবক[1] লালস বিলাস[2] রাস-রস[3]
† সোই সখীগণ সঙ্গ।
এ কবিশেখর হোয়ল[4] ফাঁফর
না বুঝিয়া[5] গৌরাঙ্গ[6]-রঙ্গ॥

[ ২৩৭ ]

নাচে গোরা গোরা গোরা নবকমনিয়া।
হেমের গাছে প্রেমের রস পড়ে চুআইয়া॥
অদ্ভুত নাটের ঠাট সে না অঙ্গের ছটা।
রূপ দেখ্‌তে হুল পড়েছে নব যুবতীর ঘটা॥
ঠাম ঠমকা কাঁকাল বাঁকা মধুর মাখা হাসি।
বিশচন্দ্রে কেলি করে কর পদে আসি॥
ঘর ডুবিল কুল মজিল বহই রূপের বাণ।
শেখর বোলে মদন ভোলে তাহে কি করবে আন॥

১ পুরুব—র।
২ করিতে—র, বিলসে—ঘ। ৩ বিলাস—র।
† "সেই সখাসখী সঙ্গ"—র।
৪ পড়ল—র। ৫ বুঝি—র।
৬ গউর—র।

'পুরবক লালস' পংক্তির পূর্ব্বে র-পুথিতে নিম্নোক্ত কয়েকটী পংক্তি অতিরিক্ত আছে :—

"দেখিয়া তাহারে, নিতাই সুন্দর, মুচুকি মুচুকি হাসে।
ভাবের আবেশে, ধরি সেই বেশে, কিছু রহে দূরদেশে॥
প্রেমে পূরল, অবনী মণ্ডল, বহই রসের বাণ।
ঠাকুর অদ্বৈত, হেরি উনমত, পাসরিল যোগধ্যান॥"

[ ২৩৭ ] র পদ ৩০, পৃ ৷৶০।

[ ২৩৮ ]

করুণ কামোদ

মধুর মধুর গৌর কিশোর
মধুর মধুর নাট।
মধুর মধুর সব সহচর
মধুর মধুর হাট॥
মধুর[১] মধুর মৃদঙ্গ বাজত
মধুর মধুর তান।
* মধুর রসেতে[২] মাতল ভকত
গাওত[৩] মধুর গান॥
মধুর হেলন[৪] মধুর[৫] দোলন
মধুর মধুর গতি।
মধুর মধুর বচন সুন্দর[৬]
মধুর মধুর ভাতি॥
মধুর অধর[৭] জিনি শশধর
মধুর মধুর হাস।
আরতি[৮] পিরিতি[৯] চরিতি[১০] মধুর[১১]
মধুর মধুর ভাষ॥

---

[২৩৮] ইহা প-র-সা পুথির ২২০১ সংখ্যক পদ: পদ পদ ২০৯২, পৃ ২১৬, ৩য় খণ্ড; গৌ পদ ৯১, পৃ ১৪৩; র পদ ২২, পৃ ১।/০; স পদ ৮৭, পৃ ৫৩২।

১ বাজত—র।

* এইস্থলে র—পুথির পাঠ:—"মধুএ মাতিল. ভকত সকল"

২ রসে—গৌ। ৩ মধুর—র।

৪ মধুর—র। ৫ হেলন—র।

৬ মধুর—ঘ। ৭ অধরে—গৌ।

৮ মধুর—র, গৌ। ৯ আরতি—র, গৌ।

১০ পিরিতি—র, মধুর—গৌ। ১১ চরিতি—র, পিরীতি—গৌ।

মধুর যুগল নয়ান[1] রাতুল
মধুর ইঙ্গিতে চায়।
মধুর প্রেমের মধুর[2] বাদর[3]
বঞ্চিত শেখর রায়॥

[ ২৩৯ ]

কেদার

নাচত রসময় গৌর কিশোর।
পুরুবক প্রেম-রভস-রসে ভোর॥
নরহরি গদাধর শোভে দুই পাশে।
হরি বলি চৌদিগে ফিরে হরিদাসে॥
গাওত মুকুন্দ মাধব বাসু ঘোষ।
কোরে করত পহু হইয়া সন্তোষ॥
কিবা সে বরণখানি কাঞ্চন জিনিয়া।
চাঁচর চিকুর[4] চূড়া ভালে[5] সে বনিঞা॥
জানু-বিলম্বিত[6] ভুজ খেণে[7] খেণে[8] তুলিয়া।
নাচত[9] পহু মোর হরি হরি বলিয়া॥
অরুণ চরণে নূপুর রনঝনিয়া।
শেখর রায় কহত ধনি ধনিয়া॥

১ নয়ন—র। ২ মাধুরী—র। ৩ বাদরে—র।
[ ২৩৯ ] পদ পদ ২১০৭. পৃ ২২১, ৩য় খণ্ড ; গৌ পদ ৩৪, পৃ ২৫৮।
৪ চিকুরে—গৌ। ৫ ভাল—গৌ।
৬ আজানুবিলম্বিত—গৌ, আজানুলম্বিত—খ।
৭-৮ ক্ষণে ক্ষণে—গৌ। ৯ নাচেন—গৌ।

[ ২৪০ ]

পাহিড়া রাগ

করত নর্ত্তন ভুবনমোহন
শ্রীরঘুনন্দন নাম।
রূপ-সনাতন নরহরি-প্রাণ
গৌরাঙ্গ বিলাস ধাম॥
রায় রামানন্দ মুরারি মুকুন্দ
গদাধর শ্রীনিবাস।
বাসুদেব ঘোষ পরম হরিষ
রঘুনাথ হরিদাস॥
রামাই স্বরূপ আর কাশীশ্বর
নন্দাই আদিক সঙ্গ।
রায় ভবানন্দ সেন শিবানন্দ
এ সব বিলাস রঙ্গ॥
মধুর নর্ত্তনে বাহুর দোলনে
ভুলল গৌরাঙ্গ রায়।
হাহা হাহা করি সন্ন্যাস বিসরি
চাপিয়া ধরল তায়॥
আর অদভুত নিতাই অদ্বৈত
মুরছি পড়ল ভূমে।
শেখরের প্রাণ মুকুন্দ নন্দন
তরল করল প্রেমে॥

———

[২৪০] র পদ ৩, পৃ ৮০।

## গোরাবতারের ঐশ্বর্য্য ও মাধুর্য্য

[ ২৪১ ]

ধানশী

জগন্নাথ মিশ্রের সুকৃতি বীজ হৈতে।
জনমিল গৌর-কল্পতরু নদীয়াতে ॥
যতনে নিতাই মালী সে তরু সেবিল।
নানা শাখা উপশাখা তাহার হইল ॥
ধরিল তাহাতে অদভুত প্রেমফল।
রসে পরিপূর্ণ তাহা মাদক কেবল ॥
আনন্দে নিতাই মালী সে ফল পাড়িয়া।
দীন দুঃখি জনে দেয় দুহাতে বিলাঞা ॥
সে ফলের রস যেন সুধাকর সুধা।
যে জন চুষিয়া খায় যায় তার ক্ষুধা ॥
আপনি সে ফল খাইয়া নিতাই মালী।
উনমত হৈয়া নাচে মাথে করি ডালি ॥
ধর নেও নেও বলি সে ফল বিলায়।
কেবল বঞ্চিত তাহে এ শেখর রায় ॥

———

[ ২৪১ ] গৌ পদ ৪৮, পৃ ৪১।

## শ্রীগৌরচন্দ্রের ঐশ্বর্য্য আদির বর্ণন

[ ২৪২ ]

তথা রাগ

সনকাদি মুনিগণে চাহি বুলে বেদগণে[১]
বিরিঞ্চি ধেয়ানে নাহি পায়।
দিগম্বর পশুপতি ভ্রমি বুলে দিবারাতি
পঞ্চমুখে যার গুণ গায়॥
যার পদ-ধৌত[২] হৈতে[৩] শুচি কৈল ত্রিজগতে[৪]
হর-শিরে জটার ভূষণ।
সো পহু নদীয়াপুরে অবতরি শচী-ঘরে
সঙ্গে লৈয়া পারিষদগণ॥
দেখি শচীনন্দন জীব সব অচেতন
প্রকাশিলা[৫] নাম-সংকীর্ত্তন।
বিষয়ী যবন যত তারা হৈল[৬] উনমত্ত
না লইল[৭] পড়ুয়া অধম॥
প্রেম-জল মহাবন্যা পৃথিবী করিল ধন্যা
ত্রিভুবন চলিল বাহিয়া[৮]।
তার্কিক পাষণ্ডী যত[৯] পলাইল হৈয়া[১০] ভীত[১১]
অভিমান[১২] নৌকায় চড়িয়া॥

---

[২৪২] ইহা প-র-সা পুথির ২২৯৬ সংখ্যক পদ; পদ পদ্ম ২১৮৮, পৃ ২৫২, ৩য় খণ্ড; গৌ পদ ৪৫, পৃ ৪০; র পদ ৬, পৃ ।৵০; স পদ ৬০, পৃ ৫২১।

১ দেবগণে—ক, প-র সা। ২-৩ ধৌতদক—র।

৪ তিন লোকে—ক, ঘ, চ, স; তিনলোক—র; ত্রিলোকেতে—খ।

৫ আরম্ভিলা—র। ৬ ভেল—র।

৭ হইল—ক, খ, র, গৌ, স। ৮ ভাসিয়া—র, প-র-সা।

৯ মতি—র। ১০-১১ অতি ভীতি—র।

১২ মানমদ - র।

শ্রীচৈতন্য নিত্যানন্দ তাঁর পাদ-মকরন্দ
যে জন করয়ে তার[১] আশ।
তাহার চরণ-ধূলি তাহে মোর স্নান-কেলি
দুখিয়া শেখর তার দাস ॥

---

## শ্রীগৌরচন্দ্রের মহিমা বর্ণন

[ ২৪৩ ]

ধানশী

গৌরাঙ্গ রসের নদী প্রেমের-তরঙ্গ।
উথলিয়া আছে[২] ধারা[৩] কভু নহে ভঙ্গ ॥
অভিরাম সারঙ্গ তায় তট দুই খানি।
অচ্যুতানন্দ তাহে প্রেমের ঘুরণী ॥
স্রোত বহি যায় তাহে শ্রীঅদ্বৈতচন্দ[৪]।
ডুবারী কাণ্ডারী তাহে প্রভু নিত্যানন্দ ॥
প্রেম-জলচর শ্রীবাসাদি গদাধর[৫]।
স্বরূপ শ্রীরূপ ভেল প্রেমের মকর[৬] ॥
থাকুক[৭] ডুবিবার[৮] কাজ পরশ না পাইয়া।
দুখিয়া শেখর কান্দে ফুকার করিয়া ॥

---

১ সদা—র।

[২৪৩] ইহা প-র-সা পুথির ২৩০৬ সংখ্যক পদ; পদ পদ ২১৯৮, পৃ ২৫৬, ৩য় খণ্ড; গৌ পদ ৪৬, পৃ ৪০; স পদ ৬২, পৃ ৫২২।

২ যাইছে—গৌ, র, স, ক, খ। ৩ বারা—র।

৪ চন্দ্র—র, গৌ। ৫ সহচর—গৌ।

৬ থকর—গৌ। ৭ আকুল - প-র-সা।

৮ ডুবারিয়া—প-র-সা।

## শ্রীগৌরাঙ্গের হাট-পত্তন

[ ২৪৪ ]

তুড়ী

হাটের পত্তন শ্রীশচী[১]-নন্দন
করল[২] পাইয়া সুখ।
হাটের ঠাকুর নিতাই সুন্দর
খণ্ডিল জীবের দুখ ॥

দেখ[৩] হাট মনোহর রঙ্গ।
নরহরি দাস হাটের বিশ্বাস
শ্রীনিবাস[৪] তার সঙ্গ ॥ ধ্রু ॥

আর অদভূত ঠাকুর অদ্বৈত
মুনসি[৫] হাটের মাঝ।
হরিদাস আদি ফিরে হাট সাধি
রামানন্দ সত্যরাজ ॥

করতাল যত[৬] বাদ্য বাজে কত[৭]
মৃদঙ্গ তাহার ঢোল।
হাট-কলরব নৃত্যগীত সব
ঘন ঘন হরিবোল ॥

---

[ ২৪৪ ] ইহা প-র-সা পুথির ২৩০৭ সংখ্যক পদ ; পদ পদ ২১৯৯, পৃ ২৫৬, ৩য় খণ্ড ; গৌ পদ ৭২, পৃ ৪৭ ; র পদ ৭, পৃ।৶০ ; স পদ ৬৩, পৃ ২২৫।

১ শচীর—র।
২ করান—খ, প-র-সা।
৩ 'দেখ দেখ'—র।
৪ ছিরিবাস—র।
৫ মনসি—ক, খ, ঘ, চ।
৬ কত—চ, প-র-সা।
৭ শত—প-র-সা।

প্রেমের পসার          লৈয়া গদাধর
সঙ্গে পসারির[1]গণ।
রায় রামানন্দ          মুরারি[2] মুকুন্দ[3]
বাসুদেব[4] সুলোচন ॥

[5]সনাতন রূপ          পণ্ডিত স্বরূপ
দামোদর যার নাম।
বসু রামানন্দ          সেন শিবানন্দ
বক্রেশ্বর গুণ-ধাম ॥

পণ্ডিত শঙ্কর          আর কাশীশ্বর
মুকুন্দ[6] মাধব দাস।
রঘুনাথ আদি          গুণের অবধি
পূরল মনের আশ ॥

কত নাম নিব          পসারি এ সব[7]
পসার লইয়া কাছে।
পসার-ভূষণ          পুলক রোদন[8]
মহাভাব আদি[9] আছে ॥

হাটের হাটুয়া          ভকত নাটুয়া
পসার-মহিমা জানি।
দৈন্য-দান দিয়া          সে প্রেম আনিয়া
সদা করে বিকি-কিনি ॥

---

১ পসারি—ক, খ, চ, স, প-র-সা।
২ সেন—র, গৌ।
৩ শিবানন্দ—র, গৌ।
৪ বক্রেশ্বর—র।
৫ ৫।৬।৭।৮ পংক্তি র—পুঁথিতে নাই।
৬ গোবিন্দ—র।
৭ যে সব—র।
৮ গর্জ্জন—র।
৯ তাহে—র।

হাটের কোটাল ঠাকুর গোপাল
দান ঘাটি গোপীনাথ।
হাটের পালন শ্রীরঘুনন্দন[১]
করেন সুন্দর সাথ ॥
দিবারাত্রি[২] নাই বাজার[৩] সদাই
যে যায় সে প্রেম পায়।
প্রেমের পসার করল বিথার
শচীর দুলাল রায় ॥
ভাঙ্গিল[৪] আকাল মাতিল[৫] কাঙ্গাল
খাইয়া ভরল পেট।
দেখিয়া শমন করয়ে ভাবন
বদন করিয়া হেট ॥
জরা-মৃত্যু নাই আনন্দ সদাই
শোক ভয় নাহি হয়[৬]।
আশা ঝুলি[৭] করি শেখর[৮] ভিখারী[৯]
বাজারে[১০] মাগিয়া[১১] খায়[১২] ॥

---

১ এইস্থলে র—পুথির পাঠ :—'শ্রীরঘুনন্দন হাটের পালন'।
২ রাত্রিদিন—র, দিবারাতি—গৌ স।
৩ বাজারে—স। ৪ ভাঙ্গল—র।
৫ মাতল—র। ৬ তায়—র।
৭ ঢুলি—ঘ। ৮ কাঙ্গের—র।
৯ উপরি—র। ১০ শেখর—র।
১১ ভিখারি—র। ১২ তায়—র।

## শ্রীগৌরচন্দ্র প্রকারান্তর

### ইক্ষু-শালরূপে শ্রীগৌরচন্দ্রের মহিমা-বর্ণন

[ ২৪৫ ]

তথা রাগ

বিশ্বম্ভর গাছ তার কাতরি[১] গদাধর।
নিত্যানন্দ জাঠি[২] তার[৩] ফিরে নিরন্তর॥
অভিরাম সারঙ্গ তায় বলদ এক জুড়ি।
চালায় সরকার ঠাকুর হাতে[৪] প্রেম-নড়ি[৫]॥
গুণ-বান্ধা গায়েন[৬] বায়েন[৭] সব ফিরে।
হরিনাম-ইক্ষুরস দর দরাইতে[৮] পড়ে॥
যে পায় সে খায়[৯] রস কেহ না আলয়[১০]।
যত পায় তত খায় তমু পেট না ভরয়॥
রূপ সনাতন তাহে রসের বাড়ই[১১]।
নানা মত করে পাক যার যে রুচই॥
গৌরীদাস পণ্ডিত হৈলা[১২] প্রেমের ভাণ্ডারী।
বিনি মূলে দেয়[১৩] রস গাগরী-গাগরী॥
পাপিয়া শেখর তাহে রসের কাঙ্গাল।
মাগিয়া যাচিয়া শালে খায় সর্ব্বকাল[১৪]॥

---

[২৪৫] ইহা প-র-সা পুথির ২৩০৮ সংখ্যক পদ; পদ পদ ২২০০, পৃ ২৫৭, ৩য় খণ্ড; গৌ পদ ৪৭, পৃ ৪০; র পদ ৩৩, পৃ ১৸৵০; স পদ ৬৪, পৃ ৫২৩।

১ কাতুরি—র, স, গৌ; কাণ্ডারি—প-র-সা। ২ জাটি—থ, চ।
৩ তায়—র, স, গৌ। ৪ হানি—গৌ।
৫ গুঞ্জানড়ি—ঘ; প্রেমলড়ি—র। ৬ গায়ন—স।
৭ বায়ন—স, ক, চ, প-র-সা। ৮ দরদরায়্যা—র। ৯ পায়—র।
১০ ফেলয়—স, আনয়—ক খ ঘ। ১১ বড়াই—র।
১২ তাহে—প-র-সা। ১৩ দেই—র। ১৪ সর্ব্বক্ষণ—গৌ।

## শ্রীগৌরাঙ্গের ঐশ্বর্য্য ও মাধুর্য্য

[ ২৪৬ ]

### সুহই রাগ

সকল কলাগুরু রসিক শিরোমণি
নাগর গৌর কিশোর।
অনুভব ভাবিতে হৃদি অবধারলু
নীলমণি কাঞ্চন জোর॥
গদ গদ আধ আধ মৃদু বোলই
হেরি নব নব বিভঙ্গ।
প্রেমে অবশ মন এ দিন যামিনী
দীঠি-জলে মহ করু পঙ্ক॥
রা রা বোলই ধা নাহি পারই
পুলক পূরল সব দেহা।
কহে কবিশেখর পুরব প্রেমধন
বিলসই রসময় নেহা॥

---

## শ্রীগৌরাঙ্গের পার্ষদ

[ ২৪৭ ]

### সুহই

প্রাণ মোর সনাতন রঘুনাথ জীবন
ধন মোর শ্রীরূপ গোসাঞি।
শ্রীরঘুনন্দন পতি তাহা বিনু নাহি গতি
যার গুণে ভব-ভয় নাই॥

---

[ ২৪৬ ] র পদ ১১, প ৮০।

[ ২৪৭ ] ইহা প-র-সা পুথির ২৪৭৫ সংখ্যক পদ; পদ পদ ২৩৭২, পৃ ৩২৩, ৩য় খণ্ড; স পদ ৬৫, পৃ ৫২৩, র পদ ২, পৃ ৮০।

ঠাকুর মোর রামানন্দ স্বরূপ জগদানন্দ
শ্রীনিবাস[১] মুরারি[২] গোবিন্দ।
কুলশীল জাতি মোর পণ্ডিত[৩] শ্রীদামোদর[৪]
সুলোচন[৫] লোচন[৬] আমার[৭]।*
দান ব্রত তপ ধর্ম্ম জপ যজ্ঞ জ্ঞান[৮] কর্ম্ম
পুণ্য মোর নাম সভাকার॥
হরিদাস আশ মোর ঠাকুর শ্রীসুন্দর
বনমালী শ্রীধর মাধাই[৯]।
গোপীনাথ বক্রেশ্বর গৌরীদাস কাশীশ্বর
পুরীদাস শিবাই[১০] নন্দাই॥
শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত পরমানন্দ
এ তিন ঠাকুর সর্ব্বেশ্বর।
যাহার করুণা পাঞা পঙ্গু ধায় মত্ত হৈয়া
আশা করে দুখিয়া শেখর॥

---

১ ছিরিবাস—র, শ্রীবাস—চ। ২ মুকুন্দ—র।
৩ নরহরি—র, স, গৌ, পদ। ৪ গদাধর—র, স, গৌ, পদ।
৫ মুকুন্দ—র, স, গৌ, পদ। ৬ মাধব—র, স, গৌ, পদ।
৭ শুভানন্দ—র, স, গৌ, পদ।
* এই কলিটির পরে র, স, গৌ, পদ পুথির পাঠ ঃ—
'আচার বিচার মোর, পণ্ডিত শ্রীদামোদর, সুলোচন লোচন আমার।'
৮ আদি—প-র-সা।
৯ রামাই—পদ, রমাই—র, প-র-সা।
১০ শিখাই—গৌ।

## শ্রীগৌরভক্তবৃন্দের চরিত্র-বর্ণন

[ ২৪৮ ]

তথা রাগ

শ্রীবৃন্দাবন-　　　　অভিনব-স্মদন
　　শ্রীরঘুনন্দন রাজে।
লাখ লাখ বর　　　　বিমল সুধাকর
　　উয়ল[১] শ্রীখণ্ড-সমাজে॥

　　জয়[২] পহু নটন[৩]-কলা-রস ধীর।
নিখিল-মহোৎসব　　　　গৌর-গুণার্ণব
　　প্রেমময় সকল শরীর॥ ধ্রু॥

রুচির তরুণতর[৪]　　　　নটবর-শেখর
　　পীতাম্বর-বর-ধারী।
গাই গওয়ায়ত[৫]　　　　গৌর-গুণামৃত
　　ভব-ভয়-খণ্ডন-কারী॥

পদ-তল-রাতুল　　　　পঙ্কজ নহ তুল[৬]
　　পদ-নখ-ইন্দু[৭] পরকাশে।
সে পদ রজনি দিনে　　　　শয়ন স্বপন মনে
　　রায়-শেখর করু আশে॥

---

[২৪৮] ইহা প-র-সা পুথির ২৪৭৬ সংখ্যক পদ; পদ পদ ২৩৭৩, পৃ ৩২৩, ৩য় খণ্ড; গৌ পদ ১৬, পৃ ৪৫৭; র পদ ১, পৃ ।০; স পদ ৬৬, পৃ ৫২৪।

১ উঅল—র, উয়ল—য। (ক) খণ্ড—র; অবনী—গৌ।

২ জয় জয়—প-র-সা।　　৩ নট—প-র-সা।

৪ তরুণ সব—ক।　　৫ গাওয়ত—খ, ঘ, চ, গাওয়ায়ত—ক

৬ নৌতন—প-র-সা।　　৭ বিন্দু—খ, প-র-সা।

[ ২৪৯ ]

ধানশী

ভূখণ্ড মণ্ডল মাঝে তাহাতে শ্রীখণ্ড সাজে
মধুমতী[১] যাহে পরকাশ।
ঠাকুর গৌরাঙ্গ সনে বিলসয়ে[২] রাত্রি[৩] দিনে
নাম ধরে নরহরি দাস॥

শ্রীরাধিকার[৪] সহচরী রূপে গুণে আগরি[৫]
মধুর মাধুরী অনুপাম।
অবনীতে অবতরি পুরুষ-আকৃতি ধরি
পূর্ণ কৈল[৬] চৈতন্যের কাম॥

মধুমতী[৭] মধু-দানে ভাসাইলা ত্রিভুবনে
মত্ত কৈল[৮] গৌরাঙ্গ নাগর।
মাতিল সে নিত্যানন্দ আর সব ভক্ত-বৃন্দ
বেদ-বিধি পড়িল ফাঁফর॥

যোগ-পথ করি[৯] নাশ ভকতির পরকাশ
করিল[১০] মুকুন্দ সহোদর।
পাপিয়া শেখর রায় বিকাইল রাঙ্গাপায়
শ্রীরঘুনন্দন প্রাণেশ্বর॥

---

[ ২৪৯ ] ইহা প-র-সা পুথির ২৪৭৭ সংখ্যক পদ; পদ পদ ২৩৭৪, পৃ ৩২৩, ৩য় খণ্ড; গৌ পদ ১২, পৃ ৪৫৫; র পদ ৪, পৃ ।০; স পদ ৬৭, পৃ ৫২৪।

১ মধুবতি—চ। ২ বিলসই—র।
৩ রাত্র—গৌ। ৪ রাধিকার—র, শ্রীরাধিকা—গৌ।
৫ আগোরি—গৌ। ৬ কৈলা—র।
৭ মধুবতি—চ। ৮ কৈলা—গৌ।
৯ করে—ক, খ, চ, স, প-র-সা। ১০ করল—র।

## শ্রীগৌরাঙ্গের রসোদ্‌গার মিলন

[ ২৫০ ]

সখী মরম কহিএ তোরে।
শচীর কোঁয়র বিনোদ নাগর
সপনে দেখিলাম তারে ॥
আসি হাসি হাসি মোর পাশে বসি
করল যে সব কাজ।
তাহার চরিত অতি বিপরীত
শুনিলে পাইবে লাজ ॥
আপন গলার গজমতিহার
যতনে পরাঞা মোরে।
বিচিত্র বসন রতন ভূষণ
পরাইল থরে থরে ॥
কাজরে সাজল নয়ন যুগল
মাজল বয়ন-ইন্দু।
করিতে চুম্বন পাইলাম চেতন
হৃদয়ে লাগল ধন্দ ॥
ঘুমের আলিসে ঠেসিঞা বালিসে
মুখে না নিঃসরে রায়।
বচন সম্বরি কাপি থরহরি
পুছই শেখর রায় ॥

---

[ ২৫০ ] শ্রীসং পদ ৩০৫, পৃ ১০৩।

## [ সন্দেহাত্মক পদাবলী ]

### মান

### রাধার প্রতি সখীর উক্তি

[ ২৫১ ]

ধানশী[১]

( মান ) কয়লি তো কয়লি কলহে কাহে রোয়সি[২]
বৈঠি[৩] বিরম[৪] তুহুঁ ভবনে ।
সো কাঁহা যায়ব[৫] আপহিঁ আয়ব
পুনহি লোটায়ব চরণে ॥

সুন্দরি বচনে করবি[৬] আশোয়াস[৭] ।
সজল নয়নে হরি পন্থ নেহারই[৮]
চিত্রা কহল[৯] মঝু পাশ ॥ ধ্রু ॥

বেণু ধেনু তেজি সকল সখাগণ
পরিহরি নিপ[১০]-মূলে বসই ।
রাই রাই করি[১১] শিরে কর হানই
তুয়া নাম ধরই[১২] নিশসই[১৩] ॥

---

[ ২৫১ ] অ পদ ২৪৮, পৃ ৭৭ ; প-র-সা ; বি ৩, পদ ১৭৬৫, পৃ ১৬৬ ।

১ গান্ধার—বি ৩ । ২ কন্দসি—বি ৩ ।
৩ বৈঠ—বি ৩ । ৪ রহ—বি ৩ ।
৫ জাওব—বি ৩ । ৬ করিও—বি ৩ ।
৭ বিসয়াস—বি ৩ ।
৮ ধরনি লোটায়ল—বি ৩ ।
৯ চিতে রহল—বি ৩ । ১০ নীপ—বি ৩ ।
১১ হরি হরি বলি—বি ৩ । ১২ করিয়া—বি ৩ ।
১৩ নিসাসই—বি ৩ ।

তুয়া লাগি মঝু ঘরে কত বেরি আওব[১]
মোহে সাধব যব নাথ[২]।
রায় শেখরে[৩] কহে তব[৪] তুহুঁ বঞ্চবি[৫]
আপন কান্তক সাথ[৬]॥

---

## শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগ

[ ২৫২ ]

### কবির উক্তি

আনন লোলএ বচন বোলএ হসি।
অসিঅ বরিস জনি সরদ পুনিম সসি॥
অপরুব রূপ রমনিআঁ।
জাইত দেখলি গজরাজ গমনিআঁ॥
কাজর রঞ্জিত ধবল নয়ন বর।
ভমর মিলল জনি বিমল কমল পর॥
ভান ভেল মোহি মাঝ খীনি ধনি।
কুচ সিরিফলে ভরে ভাঙ্গি জাইতি জনি॥
কবিশেখর ভন অপরুব রূপ দেখি।
রায় নসরদ সাহ ভুললি কমলমুখি॥

---

১ তুয়া নাম লাগি কত বেরি বেরি মঝু ঘরে আওব—বি ৩।
২ হামে হরি সাধব লাথ—বি ৩।
৩ চন্দ্রশেখরে—অ।
৪ তবে—বি ৩।
৫ জানত—বি ৩।
৬ কাহে করত হুতাস—বি ৩।

[২৫২] (রাগ তরঙ্গিণী) বিদ্যাপতি—পদ ৩৪, পৃ ২২; পদ ১৯৭, পৃ ১৩০; ঢা-বি-পুথি, কবিরঞ্জনের ভনিতা আছে।

## শ্রীগৌরাঙ্গের ঐশ্বর্য্য আদির বর্ণন

[ ২৫৩ ]

ধানশী

শ্যামর[১] গৌর-বরণ একু দেহ।
পামর-জন ইথে করয়ে[২] সন্দেহ॥
সৌরভে আগর[৩] মুরতি রস-সার।
পাকল ভেল জনু ফল সহকার॥
গোপ-জনম পুন দ্বিজ-অবতার।
নিগমে[৪] না জানয়ে নিগুড় বিহার॥
প্রকট করিল হরি-নাম-বাখান।
নারি-পুরুষ-মুখে না শুনিয়ে আন॥
* শ্রীরঘুনন্দন-চরণ করি সার।
কহ কবি শেখর গতি নাহি আর॥ †

---

[২৫৩] ইহা প-র-সা পুথির ২২৯৭ সংখ্যক পদ; পদ পদ ২১৮৯, পৃ ২৫৩, ৩য় খণ্ড; র পদ ৩৪, পৃ ১৮৶০; স পদ ৬১, পৃ ৫২২।

১ শ্যাম—র, স, ক, খ, চ।	২ করই—র।
৩ আগোর—ক, চ, র, স।	৪ নিগম—ক, র, স।

* এইস্থলে ৯।১০ পংক্তির পরিবর্ত্তে খ, প-র-সা পুথির পাঠ :—

"ত্রিপুরাচরণ-কমল-মধু-পান।
সরস সঙ্গীত কবিরঞ্জন গান॥"

† এই পদটী রায়শেখরের নহে, শ্রদ্ধেয় হরেকৃষ্ণ মুখোপাধ্যায় মহাশয় এই বিষয়ে নিঃসন্দেহ।